বাংলাদেশ জাতীয় সংসদ
"সর্বোচ্চ অগ্রাধিকার"

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০১৯ সালের ১৯ নভেম্বর, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ৪৭০ । জনাব মোঃ শফিকুল আজম খাঁন (ঝিনাইদহ-৩): রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর রেলস্টেশনটি আধুনিকায়ন করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়ন হইবে?

EE, Mymensingh

* ৪৭১ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

EE, Feni

* ৪৭২ । জনাব মাসুদ উদ্দিন চৌধুরী (ফেনী-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) সড়ক ও জনপথ বিভাগের আওতায় উন্নয়নের জন্য ফেনী জেলার অন্তর্গত সোনাগাজী ও দাগনভূঞা উপজেলায় কোনো রাস্তা, ব্রীজ, কালভার্ট নির্মাণ করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, বরাদ্দের পরিমাণসহ তাহার তালিকা কী; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

EE, Thakurgaon

* ৪৭৩ । জনাব মোঃ জাহিদুর রহমান (ঠাকুরগাঁও-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ঠাকুরগাঁও জেলায় সড়ক সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, Chapainababganj

* ৪৭৪ । জনাব মোঃ আমিনুল ইসলাম (চাঁপাইনবাবগঞ্জ-২): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার রহনপুর হইতে ভোলাহাট উপজেলার ফটনী বাজার পর্যন্ত ৩০ কিঃ মিঃ সড়ক প্রশস্তকরণ করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৪৭৫ । জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীন জেলা অফিস কবে নাগাদ নির্মাণ করা হইবে; করিলে, তাহা কী; না করিলে, তাহার কারণ কী?

* ৪৭৬ । জনাব লিয়াকত হোসেন খোকা (নারায়ণগঞ্জ-৩): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, 'জেনারেশন ব্রেক থ্রু' প্রকল্পের আওতায় আমার নির্বাচনী এলাকা ২০৬ নারায়ণগঞ্জ-৩ এর সোনারগাঁ উপজেলার কিশোরীদের উন্নয়নে কোনো কিশোরী ক্লাব স্থাপন করা হইয়াছে কিনা; হইলে, তাহাদের তালিকা কী; না হইলে, স্থাপন করা হইবে কিনা?

SE, Planning & Progress

* ৪৭৭ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; দেশের প্রতিটি মহাসড়ক চারলেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

অতীব জরুরী

EE, Pirojpur

* ৪৭৮ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চরখালী-মঠবাড়ীয়া-পাথরঘাটা সড়কটির ব্রীজ ও কালভার্টের অবস্থা নাজুক। ইতোমধ্যে ২টি ভাঙ্গিয়া পড়ায় মানুষ নিহত হইয়াছে। বিষয়টি সংসদে উপস্থাপন করিলে আপনি তাহা নতুন করিয়া নির্মাণের আশ্বাস দিয়াছেন। তাই চলতি বছরে উক্ত বিষয়ের ডিপিপি করিয়া তাহা নির্মাণের কাজ শুরু করা হইবে কিনা?

নং-৬৭৪-মঃসাঃ
তাং-৭/১১/১৯

উল্লেখিত প্রতিবেদন আগামী ১২/১১/১৯ তারিখ বেলা ৩:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

৭/১১/১৯
মোঃ জিকরুল ইসলাম
পরিচিতি নং-০০৫০৩১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

* ৪৭৯ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত এক দশকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন রাষ্ট্রায়াত্ত শিল্প কলকারখানার কোনো জমি বিক্রয়/লীজ দেওয়া হইয়াছে কিনা; এবং দেওয়া হইলে, তাহা কী?

EE, Kurigram

* ৪৮০ । জনাব পনির উদ্দিন আহমেদ (কুড়িগ্রাম-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলার সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৪৮১ । জনাব অসীম কুমার উকিল (নেত্রকোণা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বর্তমানে বিশ্বের কোন কোন দেশে আমাদের উৎপাদিত পাট পণ্য রপ্তানী হইয়া থাকে; এবং

(খ) পাট পণ্য রপ্তানীর ক্ষেত্র ও পরিমাণ সম্প্রসারণের লক্ষ্যে কোনো কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, Narsingdi

* ৪৮২ । জনাব জহিরুল হক ভূঞা মোহন (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শিবপুর উপজেলা সদরের পৌরসভার প্রাণকেন্দ্রে সড়ক বিভাগের প্রায় ১০ একর জায়গায় অবৈধ স্থাপনা নির্মাণ করিয়া প্রভাবশালীরা দখল করিয়া আছে। উক্ত জায়গা দখলমুক্ত করিয়া শিবপুর পৌরসভা ভবন নির্মাণ করিবার জন্য বন্দোবস্ত দেওয়া যাইবে কিনা; উক্ত জায়গা সড়ক বিভাগের সড়ক নির্মাণের কাজে লাগিবেনা বলিয়া আমি অভিহিত হইয়াছি?

EE, Coxsbazar

* ৪৮৩ । বেগম কানিজ ফাতেমা আহমেদ (মহিলা আসন-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কক্সবাজার হইতে টেকনাফ মহাসড়কটি দ্রুত সময়ের মধ্যে প্রশস্তকরণসহ সংস্কার করা হইবে কিনা?

* ৪৮৪ । জনাব মোঃ মোজাফ্ফর হোসেন (জামালপুর-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) জামালপুর জেলার সদর উপজেলায় মহিলা অধিদপ্তরের অধীনে কোনো বিত্তহীন মহিলা সমবায় সমিতির কার্যক্রম চালু রহিয়াছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, চলতি অর্থ বছরে সমিতিগুলির অনুকূলে কোনো ঋণ/আর্থিক অনুদান প্রদান করা হইয়াছে কিনা; হইলে, সমিতিওয়ারী ঋণ অনুদানের পরিমাণ ও শর্তাবলী কী?

* ৪৮৫ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম রেলপথ ডাবল লাইনের কাজ শেষ হইয়াছে কিনা; এবং না হইলে, বর্তমানে কোন পর্যায়ে আছে?

EE, Coxsbazar

* ৪৮৬ । বেগম শাহীন আক্তার (কক্সবাজার-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কক্সবাজার হইতে টেকনাফ পর্যন্ত আঞ্চলিক মহাসড়কটিকে চার লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা সম্ভব হইবে?

EE, Kurigram

* ৪৮৭ । জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর (কুড়িগ্রাম-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-১ এর অন্তর্গত নাগেশ্বরী ও ভুরুঙ্গামারী উপজেলায় যোগাযোগ খাতের উন্নয়নে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, তাহার পরিমাণ কত?

EE, Sirajganj

* ৪৮৮ । জনাব মোঃ আব্দুল আজিজ (সিরাজগঞ্জ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ ও তাড়াশ উপজেলায় বর্তমানে সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

SE, Planning — ACE Khulna, ACE Chittagong

* ৪৮৯ । জনাব মোঃ শাহে আলম (বরিশাল-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মংলা হইতে পটুয়াখালী হইয়া চট্টগ্রাম পর্যন্ত তিনটি সমুদ্র বন্দরকে সংযুক্ত করিবার ক্ষেত্রে উপকূলীয় মহাসড়ক ফোর লেন নির্মাণে সরকারের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

EE, Kushtia

* ৪৯০ । জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুষ্টিয়া জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৪৯১ । সৈয়দা জোহরা আলাউদ্দিন (মহিলা আসন-৩৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট টু শ্রীমঙ্গল/হবিগঞ্জ রুটে বিআরটিসি এর বাস চালুর দাবি দীর্ঘদিনের। উক্ত রুটে বাস চালুর কোনো পদক্ষেপ নেওয়া হইবে কিনা?

EE, Rajshahi

* ৪৯২ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলার সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকলে, তাহা কী?

* ৪৯৩ । জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের রেলপথ উন্নয়নে বিশেষ কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৪৯৪ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার অসহায় মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৪৯৫ । জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি বছরে দেশে পাট উৎপাদনের কোনো লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন হইয়াছে কিনা?

* ৪৯৬ । জনাব মোকাব্বির খান (সিলেট-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, বিআরটিসি সবসময়ই একটি লোকসানী প্রতিষ্ঠান;

(খ) "ক"-এর উত্তর হ্যাঁ সূচক হইলে, এই লোকসানের মূল কারণগুলি কী কী; কেন সরকার ইহাকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরিত করিতে পারিতেছি না?

* ৪৯৭ । জনাব মোঃ মহিববুর রহমান (পটুয়াখালী-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কলাপাড়া রেল লাইন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন মেয়াদকাল কত; এই রেল লাইনটির কলাপাড়া অংশের শেষ ষ্টেশন কোথায়; এই রেল লাইনের ভূমি অধিগ্রহণ কবে নাগাদ শুরু হইবে; যাত্রী পরিবহন কবে নাগাদ শুরু হইবে; রেল লাইনটি কুয়াকাটা সমুদ্র সৈকত পর্যন্ত সম্প্রসারণের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা?

* ৪৯৮ । জনাব মোঃ মোশাররফ হোসেন (বগুড়া-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে চলাচলকারী রেলের আয় ব্যয়ের হিসাব কী; এবং রেলকে লাভজনক করিবার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য এটি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।



e-mail:kzillur@dhaka.net, digital_net_bd@yahoo.com

* ৪৯৯ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলা মহিলা অধিদপ্তরের অধীনে কোনো বিত্তহীন মহিলা সমবায় সমিতির কার্যক্রম চালু আছে কিনা; থাকিলে, উক্ত সমিতির অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরে কোনো সরকারি অনুদান প্রদান করিয়াছেন কিনা?

SE, Planning

* ৫০০ । জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বাংলাদেশের সঙ্গে সড়ক পথে কোন কোন দেশের সঙ্গে পরিবহন চলাচল করে; সড়ক পথে প্রতিবেশী দেশ সমূহের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরো জোরদার করা হইবে কিনা?

SE, Road Design & Safety

* ৫০১ । জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের সড়ক মহাসড়কে শৃংখলা ফিরাইয়া দুর্ঘটনা রোধকল্পে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

EE, Barisal

* ৫০২ । জনাব গোলাম কিবরিয়া টিপু (বরিশাল-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১২১ বরিশাল-৩ বাবুগঞ্জ-মুলাদী উপজেলা প্রাণকেন্দ্র মিরগঞ্জ নামক স্থানে আড়িয়াল খাঁ নদীর উপর একটি ব্রীজ নির্মাণ দক্ষিণ বাংলার জনগণের প্রাণের দাবী। উক্ত ব্রীজটির অভাবে লক্ষ লক্ষ মানুষ প্রতিদিন বিভিন্নভাবে সীমাহীন দুর্ভোগ পোহাইতেছে। শীঘ্রই ব্রীজটি নির্মাণের পরিকল্পনা আপনার মন্ত্রণালয়ের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন হইবে?

* ৫০৩ । বেগম তামান্না নুসরাত (বুবলী) (মহিলা আসন-২৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নরসিংদী জেলার অসহায় মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৫০৪ । জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে পাট দিয়া কী কী পণ্য উৎপাদন হয়; উক্ত পণ্য বিদেশে রপ্তানী করা হয় কিনা; হইলে, কোন কোন দেশে কী কী পণ্য রপ্তানী করা হয়; উক্ত পণ্যের বিদেশের বাজারে চাহিদা কেমন?

* ৫০৫ । গাজী মোহাম্মদ শাহনওয়াজ (হবিগঞ্জ-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-সিলেট রুটে কতটি রেল ষ্টেশন বন্ধ রহিয়াছে; এই সকল রেল ষ্টেশন চালু করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কোনটি কবে নাগাদ চালু করা হইবে?

* ৫০৬ । খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের স্বামী পরিত্যক্তা, বিধবা ও দুস্থ মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য ভাতা সুবিধার পাশাপাশি অন্য কোনো প্রকল্প গৃহীত হইয়াছে কিনা; হইলে, কী কী?

* ৫০৭ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষীপুর-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দৈনন্দিন কাজে পাটের তৈরী দ্রব্য সামগ্রী ব্যবহারে জনসাধারণকে আরো উৎসাহী করিবার লক্ষ্যে আরো বেশী প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা?

* ৫০৮ । জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের রেলপথের উন্নয়ন ও লাভজনক করিবার লক্ষ্যে কোনো বিশেষ পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৫০৯ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলায় রেলষ্টেশনের সংখ্যা কত; উক্ত ষ্টেশনগুলি আধুনিকায়ন করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৫১০ । জনাব নিজাম উদ্দিন জলিল (জন) (নওগাঁ-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ সদর তাজের মোড় লর্ড লিটন ব্রীজটি ১৯৮৪ সালের পর দীর্ঘদিন যাবৎ সংস্কার না হওয়াতে বর্তমানে ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। জনগুরুত্বপূর্ণ এই ব্রীজটির স্থলে জনস্বার্থে একটি নতুন ব্রীজ নির্মাণ করা হইবে কিনা?

* ৫১১ । সৈয়দ আবু হোসেন (ঢাকা-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক দুর্ঘটনা প্রতিরোধ এবং সড়কে শৃংখলা ফিরাইয়া আনিবার লক্ষ্যে মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

* ৫১২ । জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর-বগুড়া-নাটোর-হাটিকুমরুল ও নাটোর-রাজশাহী সড়ক চার লেনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৫১৩ । মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিজিএম-এর নিকট কোনো পাট ব্যবসায়ী পাটের বকেয়া রহিয়াছে কিনা; থাকিলে, কবে নাগাদ তাহাদের বকেয়া অর্থ প্রদান করা হইবে?

* ৫১৪ । জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫ টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত। এই দুই উপজেলায় টাঙ্গাইলের ঐতিহ্যবাহী তাঁত শিল্প দীর্ঘদিন যাবত গড়িয়া উঠিয়াছে। টাঙ্গাইলের তাঁতের শাড়ী মূলতঃ আমার নির্বাচনী এলাকা দেলদুয়ার-নাগরপুরেই তৈরী হইয়া থাকে। তাঁত শিল্পের উৎকর্ষ সাধনে আমার নির্বাচনী এলাকাতে কোনো তাঁত পল্লী নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কত দিনের মধ্যে নির্মাণ করা হইতে পারে?

* ৫১৫ । বেগম শামসুন নাহার (মহিলা আসন-১৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাজীপুর সিটি কর্পোরেশনে ও গাজীপুর জেলায় হাজার হাজারে শিল্প কারখানা গড়িয়া উঠিয়াছে। এই সমস্ত শিল্পে বেশির ভাগই নারী শ্রমিক কাজ করিতেছে। এই কর্মজীবি নারীদের নিরাপদ আবাসনের জন্য বহুতল হোস্টেল নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কী; থাকিলে, তাহা কবে নাগাদ?

* ৫১৬ । জনাব মনজুর হোসেন (ফরিদপুর-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশে পাটের জেলাভিত্তিক উৎপাদনের পরিমাণ কত; পাটের ব্যবহার বহুমুখীকরণের কোনো প্রকল্প আছে কিনা?

* ৫১৭ । বেগম খোদেজা নাসরিন আক্তার হোসেন (মহিলা আসন-৪০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজবাড়ী জেলার প্রতিটি উপজেলার নারীদেরকে দক্ষ জনশক্তি রূপে গড়িয়া তুলিবার লক্ষ্যে একটি করিয়া বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৫১৮ । বেগম আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) সড়ক ও জনপথ বিভাগের আওতায় উন্নয়নের জন্য রাজশাহী জেলায় কোনো রাস্তা, ব্রীজ, কালভার্ট তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, ব্যয় বরাদ্দের পরিমাণসহ তাহার তালিকা কী; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

* ৫১৯ । জনাব এ কে এম রহমতুল্লাহ্ (ঢাকা-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ডমিস্টিক ভাইওলেন্সের শিকার নারীদের জন্য বিদেশের আদলে প্রতিটি জেলা/উপজেলায় ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার স্থাপন সময়ের দাবী। এতদবিষয়ে সরকারের পরিকল্পনা কী; এবং

(খ) কবে নাগাদ কিভাবে তাহার কাজ শুরু হইবে?

EE, Naogaon

SE, Road Design & Safety

PD, TASSRRTP

ACE, Rajshahi

ACE, Rangpur

EE, Rajshahi

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

* ৫২০ । জনাব মুহিবুর রহমান মানিক (সুনামগঞ্জ-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিলেট-ছাতক রোডে কমিউটার ট্রেন সার্ভিস চালু করিবার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৫২১ । বেগম লুৎফুন নেসা খান (মহিলা আসন-৪৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক দুর্ঘটনা রোধে বাস চালক ও হেলপারদের প্রতিবছর একবার স্বাস্থ্য পরীক্ষা বাধ্যতামূলক করিবার সরকারের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা; এবং নিয়মিত ডোপ টেস্ট করিবার ব্যবস্থা করা হইবে কিনা?

* ৫২২ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত ভোলা জেলার লালমোহন ও তজুমদ্দিন উপজেলায় মহিলা অধিদপ্তরের অধীনে কী কী উন্নয়ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে; এবং কী কী কর্মসূচী চলমান রহিয়াছে?

EE, Narayanganj
EE, Munshiganj

* ৫২৩ । বেগম শবনম জাহান (মহিলা আসন-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলার পঞ্চবটি হইতে মুন্সীগঞ্জ ব্রীজ পর্যন্ত সড়কটি অত্যন্ত জরাজীর্ণ ও বেহাল অবস্থা। উক্ত সড়ক দিয়া মুন্সীগঞ্জবাসী নারায়ণগঞ্জ এবং ঢাকা যাতায়াত করে এবং যোগাযোগের একমাত্র মাধ্যম। সড়কটি দ্রুত সংস্কারসহ ফোরলেনে উন্নীতকরণ সময়ের দাবী। এমতাবস্থায়, জনস্বার্থে উক্ত সড়কটি সংস্কারসহ ফোরলেনে উন্নীতকরণে সরকার দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবেন কিনা?

* ৫২৪ । বেগম সেলিমা আহমাদ (কুমিল্লা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুমিল্লা জেলার হোমনা ও তিতাস উপজেলার অসহায় মহিলাদের আত্মনির্ভরশীল ও কর্মমুখী করিবার লক্ষ্যে কোনো প্রকল্প প্রক্রিয়াধীন রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কী?

ACE, BMW
~~Technical~~ Service
Wing.
SE, Planning.

* ৫২৫ । বেগম নাজমা আকতার (মহিলা আসন-৪৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে চলতি অর্থ বছরে ছোট বড় কোনো সেতু নির্মাণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; এবং নতুন কোনো সেতু নির্মাণের প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

* ৫২৬ । বেগম শিরীন আখতার (ফেনী-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে চলতি অর্থ বছরে ফেনী জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী প্রকল্পগুলির নাম কী?

* ৫২৭ । জনাব মোঃ আব্দুস শহীদ (মৌলভীবাজার-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা শ্রীমঙ্গল উপজেলা পর্যটন শহর হিসাবে খ্যাত। প্রতিদিন বিপুল সংখ্যক লোক শ্রীমঙ্গল ভ্রমণ করিতে আসেন। তাই সিলেট-ঢাকা রুটে ট্রেনগুলিতে অতিরিক্ত বগি এবং ঢাকা-শ্রীমঙ্গল, শ্রীমঙ্গল-ঢাকা গন্তব্যে টিকেটের সংখ্যা বৃদ্ধির বিষয়ে কোনো পদক্ষেপ নিবেন কিনা?

EE, Barisal

* ৫২৮ । বেগম নাসরিন জাহান রত্না (বরিশাল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল কাউয়ারচর টু পাতাবুনিয়া আন্তঃ জেলা সড়কের লক্ষীপাশা ব্রীজ নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, ব্রীজ নির্মাণের কাজ কবে নাগাদ শুরু করা হইবে; এবং কবে নাগাদ নির্মাণের কাজ শেষ করা সম্ভব হইবে?

EE, Barguna

* ৫২৯ । বেগম সুলতানা নাদিরা (মহিলা আসন-১৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের সাথে দক্ষিণ পূর্বাঞ্চলের মানুষের চলাচল সহজতর করিবার লক্ষ্যে বরগুনা জেলার বিষখালী নদীতে বামনা টু বদনীখালী পয়েন্টে একটি ইউটিলিটি ফেরী সার্ভিস চালু এলাকার মানুষের প্রাণের দাবী। এলাকার মানুষের দাবীর প্রেক্ষিতে গত কয়েকদিন পূর্বে আন্তঃ মন্ত্রণালয়ের একটি টিম সরেজমিন পরিদর্শন করিয়া আসিয়াছে। পরিদর্শন টিমের প্রতিবেদনের প্রেক্ষিতে বরগুনা জেলার বিষখালী নদীতে বামনা-বদনীখালী পয়েন্টে একটি ইউটিলিটি ফেরী দেওয়ার ব্যবস্থা করিবেন কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

EE, Sylhet

* ৫৩০ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ বিভাগের অধীনে সড়কসমূহ সংস্কারকল্পে সিলেট জেলার অন্তর্গত ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ উপজেলায় মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

* ৫৩১ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার সেনবাগ উপজেলায় বেকার, দুস্থ, বিধবা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সুদবিহীন ঋণ প্রদানের ও বিভিন্ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণের কোনো কর্মসূচী গ্রহণ করা হইবে কিনা; এবং হইলে, তাহা কী?

* ৫৩২ । জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গা (রংপুর-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ট্রান্স এশিয়ান রেলপথ নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে?

ACE, T.S
SE Road safety

* ৫৩৩ । জনাব মোঃ হারুনুর রশীদ (চাঁপাইনবাবগঞ্জ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়কে অতিরিক্ত ভার বহন (ওভার লোডিং) নিয়ন্ত্রণের কোনো পরিকল্পনা আছে কী; থাকিলে, কিভাবে?

* ৫৩৪ । জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বগুড়া-সিরাজগঞ্জ সরাসরি রেললাইন স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের রহিয়াছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; এবং না সূচক হইলে, তাহার কারণ কী?

EE, Bhola

* ৫৩৫ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলায় সেতু নির্মাণের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলায় সেতু নির্মাণের পরিকল্পনা আছে কিনা?

* ৫৩৬ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বিআরটিসির আওতাধীন বাসের সংখ্যা কত; উক্ত বাসের মধ্যে কতটি চলাচল করিতেছে; এবং নতুন কোনো বাস আমদানী করিবার পরিকল্পনা রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কী?

* ৫৩৭ । জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলা সদরে শিশু একাডেমীর শাখা প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৫৩৮ । জনাব ডাঃ সামিল উদ্দিন আহমেদ শিমুল (চাঁপাইনবাবগঞ্জ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গৃহীত প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে চাঁপাইনবাবগঞ্জ জেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী প্রকল্পগুলির নাম কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

ঢাকা,
২২ কার্তিক, ১৪২৬।
৭ নভেম্বর, ২০১৯।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৯ সালের ১৯ নভেম্বর, মঙ্গলবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

৫১০ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত সময়ে নোয়াখালী জেলায় কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, অর্থবছর ও উপজেলাওয়ারী তাহার হিসাব কী?

৫১১ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের গত দুই মেয়াদে অগ্রাধিকার প্রাপ্ত জন-গুরুত্বপূর্ণ মেগা প্রকল্প পদ্মা সেতু এবং ঢাকা সিটিতে মেট্রোরেল প্রকল্প ২টির বাস্তবায়নের অগ্রগতি চিত্র কী?

৫১২ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাল্য বিবাহ প্রতিরোধকল্পে সরকারের গৃহীত পদক্ষেপের বিপরীতে অর্জিত সাফল্যসমূহ কী?

৫১৩ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আধুনিক বিশ্বের সাথে প্রতিযোগিতায় টিকিয়া থাকিবার জন্য দেশের বস্ত্র শিল্পকে আধুনিকায়ন করিবার লক্ষ্যে সরকার গত এক দশকে কী কী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

৫১৪ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশে উৎপাদিত সোনালী আঁশ পাট বর্তমানে বহির্বিশ্বের কোন কোন দেশে রপ্তানী হইয়া থাকে; এবং উক্ত রপ্তানী গত ১০ বছর আগের তুলনায় কত কম বা বেশি?

৫১৫ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) চট্টগ্রাম সিটির মতো ঢাকা সিটির প্রবেশপথ সমূহে স্থায়ী তোরণ নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

৫১৬ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) দুস্থ মহিলা এবং শিশুদের জন্য উন্নয়নমূলক কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে; এবং

(খ) উত্তর না সূচক হইলে, এইরূপ কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা; না হইলে, তাহার কারণ কী?

৫১৭ । হাজী মোঃ সেলিম (ঢাকা-৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) শিশু ও মাতৃস্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পৃথক ইউনিট খুলিয়া তত্ত্বাবধানে স্থানীয় দপ্তরকে সম্পৃক্ত করা হইবে কিনা; এবং

(খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

৫১৮ । জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু টানেল নির্মাণ প্রকল্পের কাজের অগ্রগতি কত শতাংশ হইয়াছে; এবং কত সালের মধ্যে সম্পূর্ণ হইবে?

৫১৯ । জনাব এম. আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, প্রতি বছর ঈদ আসিবার আগে রাস্তা সংস্কারের কাজ শুরু করা হয়। এই কাজ তড়িঘড়ি করিবার কারণে সঠিকভাবে উন্নয়ন ও সংস্কার কাজ সম্পন্ন হয়না এবং অর্থের অপচয় হয়। জরুরী সংস্কার কাজগুলি একটি নির্দিষ্ট সময়ে করিবার বিষয়ে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে কিনা?

ডিজাইন এবং ডেভেলপমেন্ট ডিজিটাল নেটওয়ার্ক সিস্টেমস
e-mail: kzillur@dhaka.net, digital_net_bd@yahoo.com

৫২০ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের আমলে নারী ও শিশু নির্যাতন অতীতের সব রেকর্ড অতিক্রম করিয়াছে। ৯ মাস বয়স হইতে ৮০ বছরের বৃদ্ধা কেউই ধর্ষকের লোলুপ দৃষ্টি হইতে বাদ যাইতেছে না। গত ৯ মাসে ৯৬৯ জন কন্যা শিশু গণধর্ষণের শিকার হইয়াছে। এই বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছেন?

৫২১ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় চলতি অর্থ বছরে দারিদ্র্য বিমোচন কর্মসূচির আওতায় দুস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

৫২২ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জানুয়ারি/২০১৯ হইতে সেপ্টেম্বর/২০১৯ পর্যন্ত আমার নির্বাচনী এলাকা লক্ষীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলায় নতুন কোনো রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার তালিকা কী?

৫২৩ । মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এই পর্যন্ত ঝিনাইদহ জেলায় রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, তাহা কী?

৫২৪ । জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে চট্টগ্রাম জেলার উপজেলাওয়ারী সড়ক ও জনপথ বিভাগের আওতায় পাকা রাস্তার দৈর্ঘ্য কত; চলতি অর্থ বছরে উক্ত জেলার চন্দনাইশ-সাতকানিয়া (আংশিক) উপজেলার কোনো রাস্তা সড়ক ও জনপথ বিভাগের আওতায় আনিবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

৫২৫ । জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত। আমার এই দুই উপজেলার আপনার মন্ত্রণালয় হইতে ২০১৮-১৯ অর্থ বছরে কতটি কালভার্ট ও সেতু নির্মাণ করা হইয়াছে; এবং ২০১৯-২০ অর্থ বছরে উপজেলাওয়ারী কতটি কালভার্ট ও সেতু নির্মাণ করিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের রহিয়াছে; এবং ইহাতে বরাদ্দের পরিমাণ কত?

৫২৬ । জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫ টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত। এই দুই উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে গত ২০১৮-১৯ অর্থ বছরে কোন কোন প্রকল্পের মাধ্যমে কত অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছিল; এবং মহিলা ও শিশুদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে কী প্রকল্পে কী পরিমাণ অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে?

৫২৭ । বেগম রুমিন ফারহানা (মহিলা আসন-৫০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পুরুষ শ্রমিকদের তুলনায় কম তো নয়ই ক্ষেত্র বিশেষে বেশী কাজ করিয়াও নারী শ্রমিকরা সারাদেশে ২৫-৪৫ শতাংশ কম মজুরি পান। নারীর প্রতি এই ভয়ঙ্কর বৈষম্য চলিতেছে দিনের পর দিন। এই বৈষম্য দূর করিবার জন্য সরকারের কোনো উল্লেখযোগ্য পদক্ষেপ আছে কিনা?

৫২৮ । বেগম রুমিন ফারহানা (মহিলা আসন-৫০) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলখাতকে সর্বোচ্চ গুরুত্ব দিতেছে বলিয়া সরকার সব সময় বক্তব্য দেয়। কিন্তু স্বয়ং মন্ত্রী বলিয়াছেন মেয়াদোত্তীর্ণ ইঞ্জিনের কারণে ট্রেনের শিডিউল রক্ষা করা সম্ভব হইতেছে না। হাজার হাজার কোটি টাকার মেগা প্রকল্প বাস্তবায়ন করিতেছে সরকার অথচ গত ১০ বছর ক্ষমতায় থাকিবার পরও রেলে ইঞ্জিনে সংকট কি কারণে?

৫২৯ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষীপুর জেলার সড়ক ও জনপথ বিভাগের আওতায় রামগঞ্জ উপজেলায় সড়ক মেরামত, সংস্কার এবং পাকাকরণের জন্য চলতি অর্থ বছরে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, বরাদ্দের পরিমাণসহ সড়কসমূহের নাম ও ঠিকানা কী?

৫৩০ । জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে নোয়াখালী রুটে বিদ্যমান রেললাইনটি চাঁদপুর হইয়া লক্ষ্মীপুর সদর পর্যন্ত বর্ধিতকরণ পূর্বক ট্রেন চলাচল করিবার সম্ভাব্যতা যাচাই করিবার কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; উত্তর না হইলে, তাহার কারণ কী?

EE, Tangail

৫৩১ । জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫ টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত। আমার এই দুই উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে ২০১৮-১৯ অর্থ বছরে কত কিঃ মিঃ কাঁচা রাস্তা পাকা করা হইয়াছে; এবং ২০১৯-২০ অর্থ বছরে উপজেলাওয়ারী কত কিঃ মিঃ রাস্তা পাকা করিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের হইয়াছে?

৫৩২ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচির অধীনে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৩৩ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার দেশের রেলপথকে সম্প্রসারণ ও আধুনিকায়ন করিবার লক্ষ্যে কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; এবং ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন স্টেশনগুলি আধুনিকায়ন করা হইবে কিনা?

EE, Mymensingh

৫৩৪ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে ময়মনসিংহ জেলায় কোনো অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৩৫ । জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারা দেশে রেলপথকে ডাবল লাইনে রূপান্তর করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

EE, Meherpur

৫৩৬ । জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে মেহেরপুর জেলায় সড়ক সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, Bogura

৫৩৭ । জনাব মোঃ মোশারফ হোসেন (বগুড়া-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বগুড়া জেলায় সড়ক সংস্কার করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৩৮ । জনাব মোঃ মোশারফ হোসেন (বগুড়া-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার নন্দীগ্রাম ও কাহালু উপজেলায় মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করিবার জন্য কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৩৯ । জনাব মোঃ শাহে আলম (বরিশাল-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে বরিশাল জেলার বানারীপাড়া ও উজিরপুর উপজেলায় কোনো প্রকল্প গ্রহন করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

৫৪০ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বগুড়া জেলার অসহায় মহিলা ও শিশুদের কল্যাণে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৪১ । জনাব গোলাম মোহাম্মদ সিরাজ (বগুড়া-৬) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার রেল স্টেশনের উন্নয়নে এবং রেললাইনের উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা?

EE, Satkhira

৫৪২ । মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত ১৬ অক্টোবর মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাতক্ষীরা বাইপাস সড়ক উদ্বোধন করিয়াছেন। এক্ষণে সাতক্ষীরাবাসীর দাবী সাতক্ষীরা শহরের পূর্বদিকে বিনেরপোতা হইতে আশাশুনি রোড পর্যন্ত আরও একটি বাইপাস সড়ক নির্মাণ করিবে কিনা?

EE, Barisal

৫৪৩ । জনাব মোঃ শাহে আলম (বরিশাল-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার বানারীপাড়া উপজেলার সন্ধ্যা নদীতে সেতু নির্মাণ প্রক্রিয়া কবে নাগাদ শুরু হইবে; এবং বাস্তবায়নে কতদিন লাগিবে?

EE, Barguna

৫৪৪ । বেগম সুলতানা নাদিরা (মহিলা আসন-১৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাথে দক্ষিণ পূর্বাঞ্চলের মানুষের চলাচল সহজতর করিবার লক্ষ্যে বরগুনা জেলার বড়ইতলা টু বাইনচটকী ফেরীঘাটে দুইটি নতুন পন্টুন দিবেন কিনা; দিলে, কবে নাগাদ এই পন্টুন দুইটি দিবেন?

৫৪৫ । বেগম সুলতানা নাদিরা (মহিলা আসন-১৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দক্ষিণাঞ্চলের দরিদ্র জনসাধারণের চলাচলকে আরো সহজতর করিবার লক্ষ্যে এবং ঢাকার সাথে বরগুনা জেলার রেল যোগাযোগ সৃষ্টির জন্য ঢাকা হইতে বরগুনা পর্যন্ত রেল লাইন নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা?

৫৪৬ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

EE, Rajshahi

৫৪৭ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে রাজশাহী জেলার সড়ক সংস্কার করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, Rajshahi

৫৪৮ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা?

৫৪৯ । জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ অসহায় মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষে মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় কোনো মহিলাদের ঋণ প্রদান করা হইয়াছে কিনা?

৫৫০ । জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ অসহায় মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

EE, Mymensingh

৫৫১ । জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার সড়ক সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৫২ । জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের কতটি জেলায় বিআরটিসির বাস সার্ভিস ঢাকা হইতে চলাচল করে, এবং উপজেলা পর্যায়ে উহা চলাচল করে কিনা; ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলায় চালু করা হইবে কিনা?

৫৫৩ । জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এই পর্যন্ত ব্রাহ্মণবাড়ীয়া জেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাধ্যমে কোনো সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; না হইলে, কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

৫৫৪ । জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলায় যুব মহিলা ও বিধবা, স্বামী পরিত্যক্তা মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৫৫ । জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে রেললাইন স্থাপনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, ভেড়ামারা, দৌলতপুর, গাংনী, মুজিবনগর হইয়া দর্শনা পর্যন্ত সম্প্রসারণের মাধ্যমে রেলপথ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ করা হইবে; না হইলে, কারণ কী?

৫৫৬ । জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ধামরাই উপজেলায় যুব মহিলা ও বিধবা, স্বামী পরিত্যক্তা মহিলাদের জন্য কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৫৭ । জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পদ্মা সেতুর সঙ্গে আরিচা-পাটুরিয়া বঙ্গবন্ধু সেতুর সঙ্গে যোগাযোগ চালু করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৫৮ । জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পাট হইতে উৎপাদিত কোনো পণ্য বিদেশে রপ্তানী করা হয় কিনা; হইলে, কী কী পণ্য কোন দেশে; এবং উক্ত পণ্য রপ্তানী হইতে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হইয়াছে?

৫৫৯ । জনাব মোঃ মোশারফ হোসেন (বগুড়া-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার নন্দীগ্রাম ও কাহালু উপজেলায় কোনো সেলাই মেশিন প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহার সংখ্যা কত; সেলাই মেশিনের সংখ্যা বৃদ্ধি করা হইবে কিনা?

৫৬০ । খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল জেলায় কোনো কর্মজীবী মহিলা হোস্টেল আছে কিনা; থাকিলে, তাহা কোথায়; এবং না থাকিলে, নির্মাণ করা হইবে কিনা?

৫৬১ । খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের সাথে টাঙ্গাইল সদর উপজেলা বা জেলা শহরের প্রবেশমুখ এম এ মান্নান স্মরণী (সড়ক) টি সংস্কার ও প্রশস্তকরণের কোনো উদ্যোগ সরকারের রহিয়াছে কিনা?

৫৬২ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলার ভোলা-চরফ্যাশন মহাসড়কের দৌলতখান উপজেলার বাংলাবাজার ও বকশেআলী এবং বোরহানউদ্দিন উপজেলাধীন উত্তরমাথা বাসষ্ট্যান্ড সংলগ্ন ও ভাওরীতে ঝুঁকিপূর্ণ বেইলী ব্রীজ চারটি অপসারণ করিয়া গার্ডার ব্রীজ নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

৫৬৩ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; তাহার মধ্যে কী পরিমাণ রাস্তা চারলেনে উন্নীত করা হইয়াছে?

৫৬৪। জনাব আলী আজম (ভোলা-২): রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারা দেশের রেলপথকে ডাবল লাইনে উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; এবং বর্তমানে রেলপথের কোনো ডাবল লাইন আছে কিনা; থাকিলে, তাহার পরিমাণ কত?

EE, Tangail

৫৬৫। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল জেলার টাঙ্গাইল পৌরসভার মধ্যে একটি ট্রাক টার্মিনাল নির্মাণের কোনো পরিকল্পনা রহিয়াছে কিনা?

৫৬৬। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার অসহায় মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

EE, chattogram

৫৬৭। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলায় কোনো সেতু নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কোথায় কোথায় নির্মাণ করা হইবে?

EE, chattogram

৫৬৮। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলায় কোনো রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৬৯। জনাব এনামুল হক (রাজশাহী-৪): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলায় কর্মজীবি কোনো মহিলা হোস্টেল আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, নির্মাণ করা হইবে কিনা?

৫৭০। জনাব মোঃ জাহিদুর রহমান (ঠাকুরগাঁও-৩): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঠাকুরগাঁও জেলার রানীশংকৈল ও পীরগঞ্জ উপজেলার মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করিবার জন্য কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

৫৭১। জনাব মোঃ শফিকুল আজম খাঁন (ঝিনাইদহ-৩): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ঝিনাইদহ জেলার মহেশপুর ও কোটচাঁদপুর উপজেলায় শিক্ষিত বেকার ও দুঃস্থ মহিলাদের আত্ম -কর্মসংস্থানের লক্ষ্যে সুদবিহীন ঋণদানের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৫৭২। জনাব মোঃ আব্দুস শহীদ (মৌলভীবাজার-৪): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলায় গ্রামীণ দরিদ্র মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি ও মান উন্নয়নের জন্য নতুন কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কী; হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

ACE, chattogram

৫৭৩। বেগম খানিজ ফাতেমা আহমেদ (মহিলা আসন-৮): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ককে চার লেনে বাস্তবায়ন করা হইবে কিনা; হইলে, তাহা কতদিন নাগাদ?

ACE Ctg.
SE ctg.
EE cox bazar

ঢাকা,
২২ কার্তিক, ১৪২৬।
৭ নভেম্বর, ২০১৯।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।